

## প্রাথমিক সমাপনী ও জেএসসির ফল ৩১ ডিসেম্বর

### নিম্ন বার্তা পরিবেশক

৩১ ডিসেম্বর একদিনেই পঞ্চম ও অষ্টম শ্রেণীর সমাপনী পরীক্ষার ফল প্রকাশ হচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (মাধ্যমিক-১) একেএম জাকির হোসেন ডুইএর এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আবদুল জলিল গতকাল বৃহস্পতিবার সাংবাদিকদের এ তথ্য জানান।

২০১৪ সালেও একই দিনে এ দুটি সমাপনী পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছিল।

অতীতের রেওয়াজ অনুযায়ী বিভিন্ন শিক্ষা বোর্ড এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের কর্মকর্তাদের সঙ্গে নিয়ে শিক্ষামন্ত্রী মুকুল ইসলাম, নাহিদ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান ৩১ ডিসেম্বর সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলাফলের অনুলিপি তুলে দেবেন। এরপর ওইদিন দুপুরে সচিবালয়ে সংবাদ সম্মেলন করে দুই মন্ত্রী ফলাফলের বিভিন্ন দিক তুলে ধরবেন।

শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব সুবোধ চন্দ্র ঢালী জানান, ৩১ ডিসেম্বর বেলা ১টায় সচিবালয়ে সংবাদ সম্মেলন করে শিক্ষামন্ত্রী প্রাথমিক: পৃষ্ঠা: ১৫ ক: ৩

### প্রাথমিক : সমাপনী

(১ম পৃষ্ঠার পর)

জেএসসি (জুনিয়র স্কুল সার্টিফিকেট) ও জেডিসির (জুনিয়র হাই স্কুল সার্টিফিকেট) পরীক্ষার ফলাফলের বিস্তারিত তুলে ধরবেন।

আর বেলা ২টায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী সংবাদ সম্মেলনে পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলের বিস্তারিত প্রকাশ করবেন বলে গতকাল মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা রবীন্দ্রনাথ রায় জানান।

গত ১ থেকে ১৮ নভেম্বর অনুষ্ঠিত জেএসসি-জেডিসিতে এবার অংশ নেয় ২৩ লাখ ২৫ হাজার ৯৩৩ জন শিক্ষার্থী। এরপর ২২ থেকে ৩০ নভেম্বর অনুষ্ঠিত হয় প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষা, যাতে অংশ নেয় ৩২ লাখ ৫৪ হাজার ৫১৪ জন শিক্ষার্থী।

পাঠ্যপুস্তক উৎসব:

দুই সমাপনী পরীক্ষার ফল প্রকাশ করে একদিনেই শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে পাঠ্যপুস্তক উৎসবের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

এরপর নতুন বছরের প্রথম দিন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং ২ জানুয়ারি শিক্ষা মন্ত্রণালয় শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেবে।

এবার প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মধ্যে ৩৪ কোটি নতুন বই বিনামূল্যে বিতরণ করবে সরকার।